

# স্বাস্থ্য সম্পর্কে তথ্য বীমা পোর্টেবিলিটি অ্যান্ড অ্যাকাউন্টেবিলিটি (HEALTH INSURANCE PORTABILITY AND ACCOUNTABILITY, HIPAA) সন্মতি ফর্ম

এই প্রায় জিজ্ঞাস্য প্রশ্ন  
HIPAA সন্মতি পত্র বর্ণনা করতে এবং  
কেন আমরা আপনাকে এটি সম্পূর্ণ করার অনুরোধ  
করছি তা বোঝাতে সাহায্য করে।

## কেন আমার HIPAA সন্মতি পত্র সম্পূর্ণ করা উচিত?

কয়েকটি প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যবস্থার অনুরোধের (Reasonable Accommodation Requests, RAR) অনুমোদনের সিদ্ধান্তের জন্য পর্যবেক্ষণ প্রয়োজন। প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যবস্থার কার্যালয় (Office of Reasonable Accommodations, ORA) এই নির্ধারণ করার জন্য আপনার প্রদানকারীর থেকে প্রাসঙ্গিক তথ্য পর্যবেক্ষণ করে। আপনার অনুরোধ সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার জন্য আরও বেশি তথ্যের প্রয়োজন হলে HIPAA সন্মতি পত্রে স্বাক্ষর করার মাধ্যমে আপনার প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করার উদ্দেশ্যে ORA-কে অনুমতি দেওয়া হয়। এটিতে স্বাক্ষর করা হলে পর্যবেক্ষণ প্রক্রিয়ায় সময় বাঁচে।

## এই ফর্ম ব্যবহার করে কোন তথ্য সংগ্রহ করা হবে?

ORA কেবল আপনার অনুরোধকৃত প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যবস্থা (Reasonable Accommodation, RA) সম্পর্কিত তথ্যের অনুরোধ করবে। কর্মীবৃন্দ আপনার অনুরোধ বহির্ভূত কোনও তথ্য সংগ্রহ করার উদ্দেশ্যে আপনার প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করার জন্য এই ফর্ম ব্যবহার করবে না।

## আমি কিভাবে এই ফর্ম সম্পূর্ণ করব?

- আপনাকে এই পত্র বৈধ করার জন্য অবশ্যই HIPAA সন্মতি পত্রটি সম্পূর্ণ, স্বাক্ষর এবং তারিখ উল্লেখ করতে হবে।
- আপনার স্বাক্ষর করার তারিখ থেকে এক বছর পর্যন্ত এই HIPAA সন্মতি পত্রটি বৈধ থাকবে।
- যদি আপনি সন্মতি পত্র স্বাক্ষর না করতে পারেন তাহলে আপনার অনুমোদিত প্রতিনিধি আপনার হয়ে স্বাক্ষর করতে পারেন। যদি আপনার জন্য কোনও অনুমোদিত প্রতিনিধি স্বাক্ষর করেন তাহলে আপনাকে এরকম অনুমোদন প্রমাণ করার মতো কোনও নথিপত্র আমাদেরকে দিতে হবে যেমন মোজারনামা অথবা অভিভাবকত্ব কমিশন।

(পাতা ওল্টান)

স্বাস্থ্য সম্পর্কে তথ্য বীমা পোর্টেবিলিটি  
অ্যান্ড অ্যাকাউন্টেবিলিটি (HEALTH INSURANCE PORTABILITY AND  
ACCOUNTABILITY, HIPAA) সম্মতি ফর্ম (চলছে)

আমার প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করার উদ্দেশ্যে ORA দ্বারা এই ফর্ম ব্যবহার করা আমি বন্ধ করতে চাইলে কি হবে?

আপনি যে কোনও সময় আমাদেরকে এই ফর্মের ব্যবহার বন্ধ করার জন্য অনুরোধ করতে পারেন, কিন্তু আপনাকে লিখিতভাবে আশ্রয়স্থল অথবা কেন্দ্রের ডিরেক্টরকে জানাতে হবে।

**দ্রষ্টব্য:** আপনার প্রদানকারীর থেকে তথ্য সংগ্রহ করার জন্য আপনার আমাদের সাহায্যের প্রয়োজন না হলে আপনাকে এই সম্মতি পত্রটি স্বাক্ষর করতে হবে না। পরিবর্তে, আপনার প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যবস্থার অনুরোধের সাথে তথ্য প্রদান করার জন্য আপনি আপনার প্রদানকারীর থেকে সরাসরি প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করতে পারেন।

আমার কাছে কোনও নথিপত্র না থাকলে কি হবে?

যদি RAR-এর কাছে জমা দেওয়ার জন্য আপনার কাছে কোনও নথিপত্র না থাকে এবং আপনি HIPAA ফর্ম সম্পূর্ণ এবং স্বাক্ষর না করেন, আপনার অনুরোধ প্রত্যাখান করা হতে পারে কারণ পর্যবেক্ষণ করার জন্য আমাদের কাছে কোনও সহায়তামূলক নথিপত্র অথবা তথ্য নেই।

এই ফর্ম সম্পর্কে আমার আরও প্রশ্ন থাকলে কি হবে?

DHS কর্মী এবং আশ্রয়স্থলের কর্মী এই ফর্ম সম্পর্কে আপনার যে কোনও প্রশ্নের উত্তর দেবেন এবং ব্যক্তিগতভাবে আপনাকে এটি সম্পূর্ণ করতে সাহায্য করতে পারেন।